

আইআইইউসি'র মুজিবনগর দিবস পালন অনুষ্ঠানে ড. এ.কে.এম আজহারুল ইসলাম

জাতীয় ইতিহাস যে যার মত করে রচনা করছে সঠিক তথ্য ও চিত্র হারিয়ে যাবার আশঙ্কা রয়েছে

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেছেন, জাতীয় ইতিহাস যে যার মত করে রচনা করছে, তাই সঠিক তথ্য ও চিত্র হারিয়ে যাবার আশঙ্কা রয়েছে।

আজ সোমবার সকালে কুমিরাহু স্থায়ী ক্যাম্পাসে আইআইইউসি'র স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ডিভিশন (স্ট্যাড) আয়োজিত মুজিবনগর দিবস পালন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর এ অভিমত ব্যক্ত করেন। আইআইইউসি'র ভারপ্রাপ্ত প্রোভিসি প্রফেসর ড. মোঃ দেলাওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত 'ঐতিহাসিক মুজিবনগর দিবস ও বাংলাদেশের স্বাধীনতা' শীর্ষক এই আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আইআইইউসি'র রেজিস্ট্রার কর্ণেল মোহাম্মদ কাসেম পিএসসি (অবঃ)। স্বাগতঃ বক্তব্য রাখেন স্টুডেন্ট এ্যাসোসিয়েশন ডিভিশনের (স্ট্যাড) পরিচালক আ. জ. ম. ওবায়দুল্লাহ। অনুষ্ঠান পরিচালনা করেন স্ট্যাড এর অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মামুনুর রশীদ।



প্রধান অতিথির বক্তব্যে আইআইইউসি'র ভিসি প্রফেসর ড. এ.কে.এম আজহারুল ইসলাম বলেন, ২৬ মার্চ আমাদের মুক্তিযুদ্ধ শুরু হলেও ১৭ এপ্রিল মুজিবনগর সরকার গঠনের মধ্য দিয়ে বাংলাদেশের স্বাধীনতার কথা আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয়। অর্থবহ স্বাধীনতার জন্য মুজিবনগর সরকারের কাক্ষিত গণতান্ত্রিক অধিকার ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় সবার ঐক্যবদ্ধভাবে কাজ করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

সভায় অন্যান্য বক্তা বলেন, মুজিবনগর দিবসের তাৎপর্য অপরিসীম। এই অস্থায়ী সরকার ও রাজধানী হয়েছিল বলেই মুক্তিযুদ্ধের সমন্বয় সাধন সম্ভব হয়েছিল। আমাদের আগামী প্রজন্মকে দেশ ও জাতির সঠিক ইতিহাস জানতে দেয়া উচিত বলে বক্তারা উল্লেখ করেন। ---**প্রেস বিজ্ঞপ্তি**